

তথ্য কমিশনে ১৩-০২-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯টি অভিযোগের শুনানীশেষে ০৫টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০২টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের (সি.আর.বি.)সহকারী মহাব্যবস্থাপক, বর্ডার গার্ড বাংলাদেশের জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (সংস্থাপন), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা এবং রাজশাহী কর অঞ্চলের উপ-কর কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। ঢাকার শেখ বোরহানুদ্দিন কলেজের অধ্যক্ষ এবং বরিশাল জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-সচিব এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

১৩-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মো: ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd